২৬৭

দৈনিক ই-ত্তিলার

তারিখ ... OCT. 3 0 1999 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ...

### শিক্ষক সমিতি ফেডারেশন

## কল্যাণ ট্রাস্টের আর্থিক সুবিধা প্রদান প্রক্রিয়া শুরু হওয়ায় প্রধানমন্ত্রীকে অভিনন্দন

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ, সেক্রেটারী জেনারেল প্রিন্সিপাল কাজী ফারুক আহমেদ, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি প্রিন্সিপাল একেএম জহিরুল ইসলাম, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব মোঃ সেলিম ভূইয়া, কলেজ শিক্ষক সমিতির সহ-সভাপতি প্রিন্সিপাল মনসুরুর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক অধ্যাপক আসাদুল হক, দফতর সম্পাদক উপাধ্যক্ষ আব্দুর রব মিঞা, পরিবেশ সম্পাদক ভাইস চেয়ারম্যান নূরুন্নবী সিদ্দিকী, সহকারী সম্পাদক নজরুল ইসলাম, শিক্ষক সমিতির সহ-সভাপতি আজিজুল হক শাহ, মোঃ শহীদুল্লাহ, কাজী আঃ রাজ্জাক, আজিজুল ইসলাম এক যুক্ত বিবৃতিতে অবসরগ্রহণকারী ও মৃত্যুবরণকারী শিক্ষকদের আর্থিক সুবিধা প্রদানের প্রজ্ঞাপন জারি করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেককে ধন্যবাদ জানিয়েছেন।

ফেডারেশন নেতৃবৃন্দ ট্রাস্টের অর্থ প্রদান শুরুর মাধ্যমে শিক্ষক সমাজের দাবী আদায়ের ক্ষেত্রে ফেডারেশনের একটি মহতী প্রয়াসের সফল রূপায়ণে সংগঠনের সেক্রেটারী জেনারেল মরহুম প্রিন্সিপাল একেএম শহীদুল্লাহর অবদান ও উদ্যোগী ভূমিকা শ্রদ্ধার সাথে স্মরণ করেন।

### বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির কেন্দ্রীয়, বিভাগীয় ও জেলা কমিটির দেড় শতাধিক নেতা দীর্ঘ ৯ বছর পর বেসরকারী শিক্ষক-কর্মচারীদের প্রাপ্য অর্থ পরিশোধের মাধ্যমে শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট কার্যক্রম চালু করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেককে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছেন।